# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদসমূহের নামের পার্শ্বে উল্লিখিত বেতন স্কেল, গ্রেড, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ-

**১। সমাজবিজ্ঞান বিভাগ**

| পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| **কম্পিউটার অপারেটর**<br>**টাঃ ১২,৫০০-৩০,২৩০/- বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)**<br>**১১ তম গ্রেড** | ০১(এক)টি | প্রার্থীকে ন্যূনতম বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ অথবা সিজিপিএ ৪ স্কেলে ন্যূনতম ২.৭৫ এবং বি.এসসি/ডিপ্লোমা ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় জিপিএ ৫ স্কেলে ৩.০০ অথবা সিজিপিএ ৪ স্কেলে ২.৭৫ থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার পরিচালনাসহ সংশ্লিষ্ট কাজে কোনো প্রতিষ্ঠানে ০৩(তিন) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। |

**২। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেস**

| পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| **বাইন্ডার গ্রেড-২ (পুন;বিজ্ঞপ্তি)**<br>**টাঃ ৯,০০০-২১,৮০০/- বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)**<br>**১৭ তম গ্রেড** | ০১(এক)টি | প্রার্থীকে ন্যূনতম এস.এস.সি/সমমান পাশ হবে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/ জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। অটো সেলাই/সুইং মেশিন স্বাধীনভাবে পরিচালনায় পারদর্শী এবং মেশিনের প্রাথমিক যে কোন সমস্যার সমাধান করার সক্ষমতা সহ উল্লেখিত কাজে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তাছাড়া ডায়েরী, রেজিস্টার খাতা, হার্ড বোর্ড বই, পেপার ব্যাক বই, জার্নাল ও বাঁধাই কাজসহ সেলাই/সুইং এবং সংশ্লিষ্ট অন্যান্য মেশিন চালনায় পারদর্শী হলে অধিকতর অভিজ্ঞ ও দক্ষ প্রার্থী হিসেবে অগ্রাধিকার দেয়া হবে। উপরে বর্ণিত অভিজ্ঞতা, দক্ষতা ও যোগ্যতার চেয়ে প্রাকটিক্যালি অধিক অভিজ্ঞতা, দক্ষতা ও যোগ্যতা সম্পন্ন প্রতিয়মান হলে প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। |

**৩। প্রধান প্রকৌশলীর দপ্তর**

| পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| **লিফটম্যান (পুন;বিজ্ঞপ্তি)**<br>**টাঃ ৯৩০০-২২,৪৯০/- বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫)**<br>**১৬ তম গ্রেড** | ০২(দুই)টি | প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ সহ পাশ হতে হবে। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত যে কোন কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ০৬(ছয়) মাস মেয়াদী ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল ট্রেডকোর্স পাশসহ লিফট পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। অভ্যন্তরীণ/বিভাগীয় অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। |

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতির নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না ।

রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত আগামী **১৩-০১-২০২৬ খ্রিস্টাব্দ/২৯-০৯-১৪৩২ বঙ্গাব্দ** তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র চেয়ারম্যান, সমাজবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে, ক্রমিক-২ এর আবেদনপত্র পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে এবং ক্রমিক-৩ এর আবেদনপত্র প্রধান প্রকৌশলী, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে । চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।